

ইসলামপুর উপজেলা পরিষদের নভেম্বর ২০২০ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস. এম. জামাল আব্দুন নাছের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।

সভার তারিখ ও সময় : ১২ নভেম্বর, ২০২০; সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।


সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর সভার শুরুতে উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানান। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

আলোচনা	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়ন
উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়।	পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার

২। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :

স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, আইএসটি বর্তমানে অনেক ডাক্তার রয়েছে। করোনাকালীন সময়ে যেহেতু শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ সেহেতু তারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে সাধারণ জনগণকে স্বাস্থ্য সেবা প্রদান করতে পারে। কিন্তু তারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসে না। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	আইএসটি বন্ধ থাকাকালীন সময়ে আইএসটিতে থাকা ডাক্তারগণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে সাধারণ জনগণকে স্বাস্থ্য সেবা প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	অধ্যক্ষ, আইএসটি, ইসলামপুর, জামালপুর। ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, ইসলামপুর সংশ্লিষ্ট সকল
প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় ১ম কিস্তি বাবদ ৩১,২৪,০০০/- বরাদ্দ পাওয়া গিয়েছে। আগামীতে আরও ৩(তিন) টি কিস্তি পাওয়া যাবে। প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য স্কীম গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তিনি আরও জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে এডিপি হতে করোনা ভাইরাস প্রতিরোধে কার্যক্রম বাস্তবায়নের জন্য অত্র উপজেলায় ১,৯৩,০০০/- (এক লক্ষ তিরানব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় সামগ্রী ক্রয় করা যেতে পারে।	১। ২০২০-২০২১ অর্থ বছরের স্কীম গ্রহণের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট হতে উন্নয়নমূলক স্কীম চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। বিস্তারিত আলোচনাক্রমে প্রকল্প কমিটির মাধ্যমে করোনা ভাইরাস প্রতিরোধ সামগ্রী ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী ইসলামপুর, জামালপুর। ও সংশ্লিষ্ট সকল
কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বর্তমানে রোপা আমন ধানের কর্তন চলছে। ৯৬২০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে। রবি মৌসুমের বোরো আবাদের পর্যাপ্ত ধান বীজ ও রাসায়নিক সার মজুদ রয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে কৃষি পুনর্বাসন ও প্রণোদনা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার ইসলামপুর, জামালপুর।
প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, উপজেলা প্রাণি সম্পদ অফিসার সমতল ভূমির চেয়ে অনেক নিচু জায়গায় অবস্থিত যে কারণে সামান্য বৃষ্টিপাতে পানি জমে জলাবদ্ধতা সৃষ্টি হয়। ফলে নানা ধরনের মশার উপদ্রুপ বৃদ্ধি পায়। উক্ত স্থানে মাটি ভরাট করা জরুরী প্রয়োজন। তিনি আরও জানান যে, গবাদি পশুর খুরা রোগের টিকা স্বল্পতা থাকায় উপজেলা পরিষদ থেকে টিকা ক্রয় করে দিলে গবাদিপশুর টিকা প্রদান করা সম্ভব হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ভবনের নিচু জায়গায় মাটি ভরাট করে সমতল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক মৎস্য ও প্রাণি সম্পদ খাতে টিকা ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণি সম্পদ অফিসার ইসলামপুর, জামালপুর। ও সংশ্লিষ্ট সকল



মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, জেলেদের তালিকা হালনাগাদ করার বিষয়ে সকলের সহযোগিতা কামনা করছি। যমুনা নদীতে খাঁচায় মৎস্য চাষ করার জন্য উপজেলা পরিষদের অর্থায়নে খাঁচায় মাছ চাষ প্রদর্শনী বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করছি। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক মৎস্য ও প্রাণি সম্পদ খাতে খাচায় মৎস্য চাষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ইসলামপুর, জামালপুর।
পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ভবনটি নিচু জায়গায় অবস্থিত হওয়ায় অফিসের চারপাশের মাটি ভরাট করা প্রয়োজন। তিনি আরও জানান যে, ইম্প্লান ১১০ জন, আইইউডি-২২ জন, স্থায়ী বন্ধ্যাকরণ-১৪ জন, খাবার বড়ি সুখী ১৭৯০৮ চক্র, খাবার বড়ি আপন -৪৮৪ চক্র টি, ইনজেকশন -১৫৮৪টি ও কনডম-২৪২৮৪ টি। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ভবনের চারপাশের মাটি ভরাট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
দুর্যোগ ও ত্রাণ বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজ সেবা অফিসার ও সংশ্লিষ্ট সকল
শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর।
মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর।
মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার ইসলামপুর, জামালপুর
যুব ও ক্রীড়া বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার ইসলামপুর, জামালপুর।
জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইসলামপুর, জামালপুর।
পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ইসলামপুর, জামালপুর।
সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় অফিসার ইসলামপুর, জামালপুর।

বন ও পরিবেশ বিভাগ	ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ ইসলামপুর, জামালপুর।
বিদ্যুৎ বিভাগ	ডিজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, বর্তমানের পল্লী বিদ্যুতের লাইন মেইনটেন্যান্সের কাজ চলছে। যার ফলে অনেক সময় বিদ্যুৎ লাইন বন্ধ থাকবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ১০৪০ টাকা হারে কৃষকের অ্যাপসের মাধ্যমে ৩০৯ মেঃ টন আমন ধান সংগ্রহ করা হবে। কৃষকদের মাঝে প্রচারের জন্য লিফলেট বিতরণ ও প্রচার প্রচারণা চালানো হচ্ছে। এ বিষয়ে সকলে সহযোগিতা কামনা করা হয়।	কৃষকের অ্যাপসের মাধ্যমে ধান ক্রয়ে বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল

৩। ১৭ কমিটি সুপারিশ ও সিদ্ধান্ত গ্রহণঃ

উপজেলা ভাইস চেয়ারম্যান, সভার জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ২৯ ধারায় উপজেলা পরিষদের কার্যাবলী সুচারুপে সম্পাদন করার লক্ষ্যে ১৭ টি স্থায়ী কমিটি রয়েছে। উক্ত কমিটি প্রতি দুই মাসে অন্ত্যন একবার সভা অনুষ্ঠানের বিধান থাকলেও কমিটির সদস্য সচিবদের সভা করার প্রতি অনিহা থাকার কারণে তা করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সভায় অনুরোধ করা হয়।	নিয়মিত ভাবে ১৭ কমিটি সভা করার বিষয়ে সংশ্লিষ্ট কমিটি সদস্য সচিবদের পুনরায় অনুরোধ করা হয়। যদি নিয়মিত কমিটির সভা না করা হয়। তবে উর্ধ্বতন কর্তৃকপক্ষকে বিষয়টি অবহিতকরণসহ উপজেলা পরিষদ আইন ১৯৯৮ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
---	--	---------------

৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ

--	--	--
----	----	----

৫। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ

--	--	--
----	----	----

৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনাঃ

ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০৭/১০/২০২০ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ৭২,২৫,৬৪২/- (বাহাত্তর লক্ষ পচিশ হাজার ছয়শত বিয়াল্লিশ) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ২৬,৬৯,৪৬৩/- (ছাব্বিশ লক্ষ উনসত্তর হাজার চারশত ত্রিষষ্টি) টাকা স্থিতি রয়েছে। দাণ্ডরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিম্নোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে।		উপজেলা পরিষদের দাণ্ডরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর।
ক্রঃ নং	ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ	টাকার পরিমাণ	
০১	চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদের অক্টোবর/ ২০২০মাসের সম্মানিতা প্রদান	৯৪০০০.০০	
০২	উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর অক্টোবর ২০২০ মাসের বেতন	২১৯০০.০০	
০৩	উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয়	৩৮০০০.০০	
০৪	উপজেলা পরিষদ আনুষঙ্গিক ব্যয় বাবদ	৫০০০.০০	
০৫	উপজেলা পরিষদের ফটোকপি মেশিন মেরামত	১৩৮০০.০০	

৮। বিবিধঃ

ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের বিধান রয়েছে। এ অর্থ বছরে উক্ত খাত হতে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে চেয়ার, উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষে চেয়ার ও ১টি স্টীল আলমিরা এবং উপজেলা পরিষদ হলরুমের আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে চেয়ার, উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষে চেয়ার ও ১টি স্টীল আলমিরা এবং উপজেলা পরিষদ হলরুমের আসবাবপত্র ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর।
খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদে চকুরে অবস্থিত সিনিয়র সিটিজেনদের একটি ওয়েটিংরুম রয়েছে। রুমটি মুজিব কর্ণার হিসেবে ব্যবহার করার হবে। এ বিষয়ে সভায় আলোচনা হয়।	আলোচনান্তে উপজেলায় অবস্থিত সিনিয়র সিটিজেনদের ওয়েটিং রুমটি মুজিব কর্ণার হিসেবে ব্যবহারে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক), এর অফিসের কক্ষ সম্প্রসারণের জন্য প্রকল্প কার্যালয় হতে বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত অফিসের সাথে যুক্ত অফিস কক্ষ সম্প্রসারণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক), এর অফিসের পিছনে দিকে অফিস কক্ষ সম্প্রসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা পরিষদের হল রুমে বিভিন্ন সময়ে সভা, সেমিনারও প্রশিক্ষণে বিভিন্ন ধরনের ডিজিটাল কনটেন্ট ও ভিডিও ক্লিপ প্রদর্শন করা প্রয়োজন হয়। এ লক্ষ্যে উপজেলা পরিষদের হলরুমে একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন করা প্রয়োজন। এ বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ইসলামপুর, জামালপুর।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের হলরুমে মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(এস. এম. জামাল আব্দুল নাছের)

চেয়ারম্যান

ইসলামপুর উপজেলা পরিষদ


জামালপুর।

তারিখঃ ১২ নভেম্বর, ২০২০

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.১৯-

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
- ২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, জামালপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
- ৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
- ৬। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
- ৭। উপজেলা অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
- ৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
- ৯। চেয়ারম্যান, (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
- ১০। অফিস কপি।


(এস. এম. মাজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।